দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 NOV 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

13

ছাত্র ঐক্যের সমাবেশ

# আন্দোলনে ঐক্য অটুট রাখার আহবান

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (বৃহস্পতিবার) কেন্দ্রীয় শহীদ মিনারে সর্বদলীয় ছাত্র ঐক্যের ছাত্র সমাবেশে সরকার পতনের আন্দোলন সফল করার লক্ষ্যে ঐক্য অটুট রাখার আহ্বান জানানো হইয়াছে। ছাত্র নেতৃবৃন্দ বলেন, যে কোন মূল্যের বিনিময়ে হইলেও আন্দোলন সফল করিতে হইবে। সমাবেশে শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ বাতিল করিয়া অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলিয়া দেওয়ার দাবী করা হয়।

ছাত্র ইউনিয়নের সভাপতি মোস্তাফিজুর রহমান বাবুলের

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

প্রেসনোট

## ছাত্রঐক্যের সমাবেশ

(১ম পৃষ্ঠার পর)

সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে ডাকসুর ভিপি ছাত্রদলের আহ্বায়ক আমান উল্লাহ আমান, ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব, ছাত্রলীগ (না-শ) সভাপতি নাজমুল হক প্রধান, ছাত্রনেত্রীর সাধারণ সম্পাদক নুর আহমেদ বকুল সমাবেশে বক্তৃতা করেন।

আমান উল্লাহ আমান বলেন, কোন ষড়যন্ত্রের মাধ্যমে ছাত্রদের ঐক্যে ফাটল ধরানো যাইবে না। তিনি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে গণতান্ত্রিক আন্দোলনে সামিল হওয়ার আহ্বান জানাইয়া বলেন, আমরা আপনাদের ভাই অথবা সন্তান। আমাদের উপর নির্যাতন চালাইবেন না। আমান দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য ছাত্র-কর্মীদের প্রতি আহ্বান জানান।

ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব বলেন, জয়বাংলা অথবা জিন্দাবাদ শ্লোগান আমাদের মধ্যে কোন সমস্যা সৃষ্টি করে নাই। যেকোন মূল্যে চলমান আন্দোলন সফল করার জন্য তিনি ছাত্রদের প্রতি আহ্বান জানান।

সভাপতির বক্তৃতায় মোস্তাফিজুর রহমান বাবুল বলেন, ব্যক্তি এরশাদকে হঠানোর জন্য আমাদের আন্দোলন নয়। আমরা স্বৈরাচার, হত্যার রাজনীতির বিরুদ্ধে আন্দো করিতেছি। চলমান আন্দোলনে সকল গণতান্ত্রিক রাজনৈতিক দলকে একমঞ্চে দাড়ানোর জন্য তিনি আহ্বান জানান।

সমাবেশশেষে প্রেসিডেন্টের সচিবালয় অভিমুখে মিছিল বাহির করা হয়।

### ছাত্র মিছিলে হামলার প্রতিবাদ

সর্বদলীয় ছাত্র ঐক্যের এক বিবৃতিতে বলা হয়, গতকাল গ্রীন-রোডে ছাত্র মিছিলের উপর পুলিশ লাঠিচার্জ, টিয়ার গ্যাস নিক্ষেপ ও গুলী বর্ষণ করে। এই ঘটনায় অর্ধশতাধিক আহত এবং সুমনসহ কয়েকজনকে গ্রেফতার করা হয়। পুলিশের নির্যাতনের প্রতিবাদে আজ (শুক্রবার) দেশব্যাপী ছাত্র বিক্ষোভের কর্মসূচী গ্রহণ করা হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের সাধারণ সম্পাদক আজিম উদ্দীন আহমদ এক বিবৃতিতে ঢাকায় ছাত্র মিছিলে পুলিশের হামলার নিন্দা করিয়াছে।

খুলনা অফিস জানায়, ঢাকায় ছাত্র মিছিলের উপর পুলিশের লাঠিচার্জের প্রতিবাদে গতকাল সন্ধ্যায় সর্বদলীয় ছাত্র ঐক্য নগরীতে একটি-বিক্ষোভ মিছিল বাহির করে। সমাবেশে বক্তৃতা করেন শফিকুল আলম তুহিন, রফিকুর রহমান রিপন, দীপঙ্কর সাহা দীপু ও শামীম আহসান লিটন।